

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদপ্তর  
সামাজিক নিরাপত্তা অধিশাখা  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৫৪৫

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩  
১৫ জুন ২০২৬

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের ৪র্থ কিস্তির নির্ভুল পে-রোল প্রেরণের সময়সীমা বৃদ্ধি।

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের স্মারক নং ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৩৫১ তারিখ: ১৫ এপ্রিল ২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের উপকারভোগীর ভাতার অর্থ MFS নগদ/বিকাশ এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে G2P পদ্ধতিতে প্রেরণ করা হচ্ছে। ২০২৫-২৬ অর্থবছরে নিয়মিত এবং বর্ধিত উপকারভোগীদের যাচাই-বাছাই সম্পন্ন করে জীবিত ও সঠিক হিসাব নম্বরের অনুকূলে ৪র্থ কিস্তির অর্থ প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার কর্তৃক নির্ভুল পে-রোল প্রেরণ করার জন্য ৭ মে ২০২৬ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারিত থাকলেও বিভিন্ন কারণে মাঠপর্যায় থেকে কাজিত পে-রোল পাওয়া যায়নি। সময় সময় MIS DSS গুপে পে-রোল প্রেরণের অগ্রগতি প্রতিবেদন প্রকাশ করা হলেও অনেক ইউনিট থেকে শতভাগ পে-রোল পাওয়া যায়নি।

এমতাবস্থায়, আগামী ১৭ জুন ২০২৬ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করা হলো। নির্ধারিত সময়সীমার মধ্যে যে শতভাগ পে-রোল প্রেরণে ব্যত্যয় ঘটলে এবং এ কারণে কোন জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দায়ি থাকবেন। উল্লিখিত সময়সীমার মধ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের নির্ভুল পে-রোল প্রেরণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিচালক  
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)  
.....

  
মোঃ মোশাররফ হোসেন  
পরিচালক (সামাজিক নিরাপত্তা)  
ফোন: ০২-৪৪৮২৬৮০১

অনুলিপি: জ্ঞাতার্থ ও কার্যার্থ:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল),.....।
৬. সমাজসেবা অফিসার, উপজেলা / শহর সমাজসেবা কার্যালয় (সকল),.....।